



সরাইল উপজেলার ইউনিয়ন পর্যায়ে খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

ব্রাহ্মণবাড়িয়া জেলাধীন সরাইল উপজেলার ৯টি ইউনিয়নে খাদ্যবান্ধব কার্যক্রম পরিচালনার জন্য গত ২৭/০২/২০২৫খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা খাদ্যবান্ধব কমিটির সিদ্ধান্তের আলোকে খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ এবং এই সংক্রান্ত পরিপত্রের আলোকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ১৮ (আঠারো) জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করা হবে।

আবেদনপত্র প্রাপ্তি ও গ্রহণের স্থান	:	উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।		
আবেদনপত্র গ্রহণের তারিখ ও সময়	:	০৯/০৩/২০২৫ থেকে ১৬/০৩/২০২৫ খ্রি. তারিখ অফিস চলাকালীন পর্যন্ত।		
ইউনিয়ন		বিক্রয়কেন্দ্র/বাজারের নাম	ইউনিয়ন	বিক্রয়কেন্দ্র/বাজারের নাম
অরুয়াইল		অরুয়াইল বাজারের উত্তরাংশ	পানিশ্বর	বেড়তলা বাজার
		অরুয়াইল বাজারের দক্ষিণাংশ		পানিশ্বর উত্তর বাজার
পাকশিমুল		পাকশিমুল বাজার	সরাইল সদর	কুটুপাড়া মোড়
		ভূইশ্বর বাজার		প্রাতঃবাজার
চুন্টা		রসুলপুর মোড়	নোয়াগাঁও	বাড়িউড়া বাজার
		চুন্টা বাজার		আইরল বাজার
কালিকচ্ছ		কালিকচ্ছ বাজারের উত্তরাংশ	শাহজাদাপুর	খোয়াল্লাপাড়
		কালিকচ্ছ বাজারের দক্ষিণাংশ		দেওড়া বাজার
শাহবাজপুর		শাহবাজপুর ২য় গেট বাজার	শাহবাজপুর	শাহবাজপুর ১ম গেট বাজার

প্রয়োজনীয় শর্তাবলী:

- বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্দে সরাইল উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হিসাবে বসবাসকারী যে কোন নাগরিক আবেদন করতে পারবেন। কমপক্ষে ১৫(পনেরো)মে.টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে।
- নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে খাদ্যশস্য বিক্রয়ের সক্ষমতা এবং মালামালের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে।
- একই বিক্রয় কেন্দ্রে একাধিক প্রার্থী আবেদন করলে যোগ্য আবেদনকারীদের মধ্য হতে লটারির মাধ্যমে বিক্রয় কেন্দ্রভিত্তিক একজন করে ডিলার নির্বাচন করা হবে। একই ব্যক্তি একাধিক বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন না। একাধিক কেন্দ্রের জন্য আবেদন করলে সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।
- খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/ মিলার/ ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যেকোন অনিয়মের কারণে ডিলারশিপ বাতিল হলে তিনি খাদ্যবান্ধব ডিলারের জন্য আবেদন করতে পারবেন না। একই ব্যক্তি একসাথে ওএমএস এবং খাদ্যবান্ধব ডিলার হিসেবে নিয়োগ পাবেন না।
- খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোন পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার হিসাবে কর্মরত কোন ব্যক্তি/ তাঁর উপর নির্ভরশীল কেউ এবং প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/ কর্মচারি/ জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না। আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল হতে হবে।
- প্রার্থীকে স্মার্টফোন/ তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিকস ডিভাইস থাকা ও সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে। জনসমক্ষে দোকান থাকতে হবে।
- কোন ব্যক্তি ডিলারশিপ প্রাপ্ত হলে ‘নিজ ডিলারশিপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবে না’ এবং প্রেরিত অঞ্জীকারনামার নমুনা অনুযায়ী ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঞ্জীকারনামা দাখিল করতে হবে। এর ব্যত্যয় হলে ডিলারশিপ বাতিল হবে।
- ডিলারশিপ পাওয়ার পর ২৫,০০০/- (পচিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত পে-অর্ডার আকারে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া-এর অনুকূলে আবশ্যিকভাবে জমা প্রদান করতে হবে। প্রতি বছর ৩০ জুন নবায়ন সাপেক্ষে খাদ্যবান্ধব ডিলারের মেয়াদকাল হবে ০৫(পাঁচ) বছর।
- খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা, ২০১৭ অনুযায়ী লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিগণ এবং বর্তমানে খাদ্যবান্ধব ডিলার হিসাবে নিয়োজিত ব্যক্তিগণ খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ এর আলোকে নতুনভাবে আবেদন করতে পারবেন।
- আংশিক বা ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। সর্বোপরি খাদ্যবান্ধব ডিলার নিয়োগের ক্ষেত্রে উপজেলা খাদ্যবান্ধব কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

আবেদনের সাথে সংযুক্ত প্রয়োজনীয় কাগজপত্রঃ

- আবেদনপত্রের সাথে প্রার্থীর ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সনদ।
 - হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স এবং হালনাগাদকৃত বৈধ খাদ্যশস্যের লাইসেন্স (Food Grain Licence) এর সত্যায়িত কপি
 - জাতীয় পরিচয়পত্র ও নাগরিকত্বের সনদপত্র এবং সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
 - দোকানের মালিকানা সংক্রান্ত কাগজপত্রাদি (নিজস্ব দোকান হলে মালিকানার কাগজপত্র এবং ভাড়ায় দোকান হলে দোকান ভাড়ার চুক্তিপত্রের সত্যায়িত ফটোকপি) এবং অঞ্জীকারনামা (৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প)।
 - আবেদনপত্র একটি খামে ভরে দাখিল করতে হবে। খামের উপরিভাগে “বিক্রয় কেন্দ্রের নাম” খামের বাম পার্শ্বে “আবেদনকারী নাম, ঠিকানা ও মোবাইল নম্বর” এবং ডান পার্শ্বে “উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য-সচিব, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া” লিখতে হবে। আবেদনপত্রের সাথে সংযুক্ত কাগজপত্রাদির ফটোকপি সত্যায়িত করে অবশ্যই নির্ধারিত সময়ের মধ্যে জমা প্রদান করতে হবে।
- উপজেলা খাদ্যবান্ধব কমিটির অনুমোদনক্রমে এ নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হলো এবং খাদ্যবান্ধব ডিলার নিয়োগের ক্ষেত্রে উপজেলা খাদ্যবান্ধব কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত
মো: নূর আলী
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া